

রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৪০ জন কৃতী ছাত্র ছাত্রীকে স্বর্ণপদক প্রদান

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের
১৪০ জন ছাত্র-ছাত্রীকে ১৯৯৩ ও
১৯৯৪ সালের অনার্স ও মাস্টার্স
পরীক্ষায় এবং ১৯৯৬ ও ১৯৯৭ সালের
এম বি বি এস পরীক্ষায় অনন্যসাধারণ
কৃতিত্বের জন্য গত ১০ই সেপ্টেম্বর
অগ্রণী ব্যাংক স্বর্ণপদক, ডাঃ একে
খান স্বর্ণপদক, ডঃ আসাদুজ্জামান
স্মৃতি পুরস্কার, আকবর হোসেন
স্কলারশীপ পুরস্কার ও বিশ্ববিদ্যালয়
পুরস্কার প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয় সিনেট ভবনে
আয়োজিত এই অনুষ্ঠানে ভাইস-
চ্যান্সেলর প্রফেসর সাইদুর রহমান
খানের সভাপতিত্বে বিশেষ অতিথি
ছিলেন প্রো-ভিসি প্রফেসর ওয়াজেদ
আলী এবং কোষাধ্যক্ষ প্রফেসর
অছিমউদ্দিন মণ্ডল। অনুষ্ঠানে স্বর্ণ-
পদক ও পুরস্কার প্রদান করেন ভিসি
প্রফেসর সাইদুর রহ- মান খান।

অনার্স ও মাস্টার্স পরীক্ষায়
প্রথম শ্রেণীতে প্রথম স্থানসহ অনু-
ষঙ্গে প্রথম স্থান অধিকারীদের অগ্রণী
ব্যাংক স্বর্ণপদক দেওয়া হয়।
এইবার ১৯৯৩ ও ১৯৯৪ সালের
অনার্স পরীক্ষায় কৃতিত্বের জন্য ৬
জন করিয়া ১২ জন, ১৯৯২ ও
১৯৯৩ সালের মাস্টার্স পরীক্ষায় কৃতি-
ত্বের জন্য ১০ জন, ১৯৯৪ সালের
এল,এল,এম পরীক্ষায় ১ জন এবং
এমবিবিএস ১৯৯৬ ও ১৯৯৭ ব্যাচের
২ জনকে এই পদক দেওয়া হয়।

অনার্স ও মাস্টার্স পরীক্ষায় বিভাগে
প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী-
দের বিশ্ববিদ্যালয় পুরস্কার দেওয়া
হয়। এইবার ৯৩ জনকে এই পুর-
স্কার দেওয়া হয়। বাংলায় মাস্টার্স
পরীক্ষায় সর্বোচ্চ স্থান অধিকারী ৩
জনকে ডঃ আসাদুজ্জামান স্মৃতি
পুরস্কার দেওয়া হয়।

উদ্ভিদ বিজ্ঞান অনার্স পরীক্ষায়
সর্বোচ্চ স্থান অধিকারী ৩ জনকে
এস,এম, ফাররুখ মাহফুজ মিতুল
স্মৃতি পুরস্কার দেওয়া হয়। চিকিৎসা
অনুষঙ্গে এমবিবিএস পরীক্ষায় প্রথম
স্থান অধিকারী ৩ জনকে ডাঃ একে
খান স্বর্ণপদক, সকল বিভাগের
মধ্যে অনার্স পরীক্ষায় প্রথম স্থান
অধিকারী ২ জনকে আকবর হোসেন
স্কলার এবং ১৯৯৭ সালের বিএসসি
অনার্স পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত
১ জন ও বিএ/বিএসএস/বিবিএস
অনার্স পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত
১ জনকে নূরজাহান নেছা পুরস্কার
দেওয়া হয়।